

তারিখ : ২৭.০৩.২০২১

## বিজ্ঞপ্তি

মদন মোহন কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে প্রকৃত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী বাছাইয়ের লক্ষ্যে শিক্ষার্থী কর্তৃক কলেজ ওয়েবসাইট (mmc.edu.bd)/ অনলাইন থেকে উপবৃত্তির ফরম ডাউনলোড করে পূরণকৃত ফরম নিম্নলিখিত তারিখ ও সময়ে জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে। উপবৃত্তি ফরমে উল্লিখিত শর্তাবলী সঠিকভাবে অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। উপবৃত্তি ফরমে অসত্য/মিথ্যা/অসম্পূর্ণ তথ্য কোনভাবেই প্রদান করা যাবে না। নির্ধারিত তারিখের পর ফরম জমা নেওয়া হবে না।

ফরম জমাদানের তারিখ : ২৯ ও ৩১ মার্চ, ২০২১ সময় : বেলা ১১.০০টা থেকে ২.০০টা পর্যন্ত  
স্থান : কলেজ অফিস

ফরমের সঙ্গে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি প্রদান করতে হবে :

১. সদ্যতোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি;
২. শিক্ষার্থীর জন্মসনদের ফটোকপি (জন্মসনদ নম্বর ১৭ ডিজিটের হতে হবে);
৩. এসএসসি/দাখিল পরীক্ষার ট্রান্সক্রিপ্টের ফটোকপি;
৪. পিতা-মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (পরিচয়পত্রের নম্বর ১০ অথবা ১৭ ডিজিট হতে হবে)।
৫. অনলাইন/ এজেন্ট ব্যাংকিং-এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।
৬. অনলাইন/এজেন্ট ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং একাউন্ট অবশ্যই শিক্ষার্থী/পিতা/মাতা/ বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খুলতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে/অবর্তমানে বৈধ অভিভাবক (আপন ভাই/বোন/দাদা/দাদি/ নানা/নানি)-এর নামে একাউন্ট খোলা যাবে।
৭. 'হিসাবধারীর নাম' এর স্থানে যার নামে অনলাইন ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা হয়েছে তার নাম লিখতে হবে।
৮. ফরমে উল্লিখিত ক্রম ১৬, ১৭, ১৮, ১৯, ২০-এর ক্ষেত্রে যথাযথ প্রমাণপত্র ফরমের সঙ্গে জমা দিতে হবে।

(অধ্যাপক সর্বানী অজ্জুন)